দর্শনায় বিএনপি নেতা মশিউর রহমানের নির্বাচনী প্রচারণা ও লিফলেট বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নে লিফলেট বিতরণ ও কেন্দ্রীয় বিএনপি’র উপ-কোষাধ্যক্ষ চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির কান্ডারী মাহমুদ হাসান খান বাবু’র পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে দর্শনা রেলবাজারের শহীদ শাহরিয়ার শুভ মুক্ত মঞ্চ থেকে এ কার্যক্রমের নেতৃত্ব দেন দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মোঃ মশিউর রহমান। শুরুতেই সংক্ষিপ্ত আলোচনা পর্বে মশিউর রহমান বলেন, বিগত স্বৈরাচার সরকারের শাসনামলে চুয়াডাঙ্গা-২ আসেন কোন উন্নয়ন হয়নি। তবে উন্নয়ন হয়েছে ফ্যাসিস্ট আওয়ামীলীগের দোষরদের। লুটপাট দখলদারিত্ব করে তারা নিজেদের পকেট ভারী করেছে।

মানুষের প্রতি জুলুম অত্যাচার করে আখের গুছানো মানুষগুলো আজ এ শহর থেকে পালিয়ে যেতে হয়েছে । আমি বিশ্বাস ও আস্থার সাথে বলছি। চুয়াডাঙ্গা-২ আসনে জনদরদি জননেতা মাহমুদ হাসান খান বাবু ভাই কে ধানের শীষ প্রতীকে নির্বাচিত করলে স্বাধীনতার পরবর্তি অবহেলিত এ অঞ্চলে সামনের বাংলাদেশ গড়ে তুলে এলাকায় উন্নয়নের জোয়ার উঠবে । আগামী নির্বাচনে বিএনপি সরকার গঠন করলে এ দেশে সৃস্টি হবে উন্নয়নের নবদিগন্ত। তাই সবাই আসুন বিএনপির পতাকা তলে। একটি কথা মনে রাখবেন, যারা জান্নাত পকেটে ঘুরছে, সাধারণ মানুষকে মিথ্যা প্রলোভন দেখিয়ে জান্নাতি বানাচ্ছে তারা প্রতারক। তাদের ফাদে পা দেবেননা। সতর্ক থাকবেন তথাকথিত ওই সকল ধর্ম ব্যবসায়ী থেকে।

এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির অন্যতম সদস্য মাহবুব উল ইসলাম খোকন, মোঃ রেজাউল ইসলাম, বিএনপি নেতা হাজী ফজলুর রহমান, মোখলেসুর রহমান, হাবিবুল্লাহ বিশ্বাস, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দিন, সাবেক যুবদল নেতা সেলিম মেহবুব লিটন, জাহাঙ্গীর আলম চঞ্চল, জিয়াউল হক শাহীন, সাবেক ছাত্রদলনেতা সেলিম মেহফুজ মিল্টন, আকাশ খান, দর্শনা থানা যুবদলের

যুগ্নআহ্বায়ক মোর্শেদুর রহমান লিংকন, মোস্তাফিজুর রহমান লিংকন, দর্শনা পৌর ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, যুগ্মআহ্বায়ক সাইদুর রহমান, আল মুকিত, সাব্বির রহমান, দর্শনা কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ, যুগ্মআহ্বায়ক মোফাজ্জেল হোসেন মোফা, রাজু আহমেদ, সাইফ, আব্দুল হাই, আলআমিন, আরাফ খান মামুন, ফয়সাল, আরিফ হোসেন, দর্শনা ডিএস মাদরাসা ছাত্রদলের সভাপতি খন্দকার শাহাব উদ্দিন প্রমুখ। পরে দর্শনা রেলবাজার এলাকায় পথে প্রান্তরে ব্যবসায়ীদের নিকট বিএনপি, যুবদল ও ছাত্রদল বিভিন্ন ভাগে লিফলেট বিতরণ সহ বাবু খানের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা করেছে।

মুজিবনগরে ধানের শীষে ভোট চেয়ে মাসুদ অরুনের গণসংযোগ

মুজিবনগর ধানের শীষের পক্ষে ভোট দিতে জনগনকে উৎসাহিত করতে গনসংযোগ করেছেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বৃহস্পতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে উপজেলার দারিয়াপুর গ্রামে এ গনসংযোগ করেন তিনি।

গণসংযোগ এর উদ্দেশ্যে মাসুদ তরুণ দারিয়াপুর ইউনিয়নের পৌঁছালে দারিয়াপুর ইউনিয়নবাসী ও বিএনপি’র নেতাকর্মীবৃন্দ তাকে বরণ করে নেন এ সময় মাসুদ আরুনকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী পুরুষ শিশু সহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে মাসুদ আরুনকে শুভেচ্ছা জানান।

র্যালীর মধ্যে দিয়ে রাস্তায় চলমান সাধারন জনগনের সাথে কুশল বিনিময় করেন মাসুদ অরুন।

এ সময় সাধারন জনগনকে ধানের শীষে ভোট দিতে আহব্বান জানান তিনি।

গনসংযোগ শেষে নেতাকর্মী ও জনগণের উদ্দেশ্যে মাসুদ অরুন বলেন, ৫

আগস্ট শেখ হাসিনার পতনের পর বাংলাদেশের জনগণের সরকার প্রতিষ্ঠার সংগ্রাম সেই গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার সংগ্রামে আমরা ছিলাম। গত এক বছর অন্তর্বর্তীকালীন সরকারের রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে আমাদের দল-বিএনপি সহ বাংলাদেশের সকল গণতান্ত্রিক শক্তি তাদেরকে সহযোগিতা করেছে। বিএনপি কথা দিয়েছে সরকারকে সহযোগিতা করতে হবে একটি গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের স্বার্থে। আগামী বছর ফেব্রুয়ারি প্রথম সপ্তাহে নির্বাচন অনুষ্ঠিত হবে। আমরা পরিষ্কারভাবে বলতে চাই এই নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতিষ্ঠিত দল বেগম খালেদা জিয়ার নেতৃত্বে যে দল এদেশের গণতন্ত্র এবং মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে অগ্রগামী ছিল।সেই দল আগামী দিন ধানের শীষে যাকে মনোনয়ন দিবে আমরা তাকে বিজয়ী করব ইনশাআল্লাহ।

তিনি আরো বলেন, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন এই মুহূর্তে প্রতিটা ভোটারের কাছে এবং বাড়িতে বাড়িতে যেতে হবে আমাদের মা বোনদের কাছে। প্রচার-প্রচারণা মিছিল মিটিং গনসংযোগ সব কিছুর মধ্য দিয়ে জনগণের সেই আস্থা অর্জন করতে চাই যে বিএনপি রাষ্ট্র ক্ষমতায় গেলে তারেক রহমানের ঘোষিত বিএনপি ঘোষিত ৩১দফা কর্মসূচির মধ্য দিয়ে একটি নতুন বাংলাদেশ গঠন হবে।

নির্বাচন নিয়ে অনেক ষড়যন্ত্র হচ্ছে অনেক ষড়যন্ত্র হবে নির্বাচনকে বানচাল করার চেষ্টা চলবে আমরা পরিষ্কার বলছি ১৫ বছর হাসিনার বিরুদ্ধে লড়াই করেছি ১৫ বছর দুঃশাসনের বিরুদ্ধে সংগ্রাম করেছি অনেক রক্ত এবং জীবনের বিনিময়ে আজ এই অন্তর্বর্তীকালীন সরকার প্রতিষ্ঠা লাভ করেছে। এই সরকারের নির্ধারিত সময়ে যে নির্বাচন জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার যে সুযোগ এই সুযোগ যারা ছিনতাই করতে চায় আমরা তাদের বিরুদ্ধে জনমত তৈরি করব। আমরা রাজপথে আসি রাজপথে থাকবো।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা স্বেচ্ছাসেবকদলের সহ সভাপতি আজিমদ্দীন গাজী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী সহ বিএনপি, যুবদল, শ্রমিক দল, স্বেচ্ছাসেবক দল, কৃষক দল ও ছাত্রদলের বিপুল সংখ্যাক নেতা কর্মী।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

ভোটাধিকার নিশ্চিত করতে হবে। মানুষ যদি স্বাধীনভাবে ভোট দিতে পারে, তবে ধানের শীষের বিজয় কেউ ঠেকাতে পারবে না।”

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাবেক যুগ্ম আহ্বায়ক এ্যাড: ওয়াহেদুজ্জামান বুলা, শহিদুল ইসলাম রতন, এ্যাড: শামিম রেজা ডালিম, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু, সাবেক সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, জেহালা ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম, বুরহান উদ্দিন, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আশরাফ বিশ্বাস মিল্টু, সহ-সভাপতি মাগরিবুর রহমান প্রমুখ।

সঠিক সময়ে নির্বাচন না হলে দেশের ভবিষ্যৎ ঝুঁকিতে

বাংলাদেশে নির্ধারিত সময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত না হলে দেশের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে বলে মন্তব্য করেছেন, বিএনপি’র ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু। তাঁর দাবি, এতে শুধু গণতন্ত্রই নয়, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বও হুমকির মুখে পড়বে।

গতকাল মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গার মোমিনপুর ইউনিয়নে বিএনপি’র এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

শামসুজ্জামান দুদু অভিযোগ করে বলেন, গত ১৬ বছর ধরে আওয়ামী লীগ বিএনপি ও এর নেতাকর্মীদের ওপর ‘অবিরাম নির্যাতন’ চালিয়ে আসছে। তিনি বলেন, “এখনও তারা দেশি-বিদেশি ষড়যন্ত্রে লিপ্ত। এসব ষড়যন্ত্র মোকাবিলায় আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে এবং দৃঢ়ভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে।”

আগামী নির্বাচন নিয়ে দুদু বলেন, দেশের কৃষক, শ্রমিক ও মেহনতি মানুষের দল বিএনপিকে জয়লাভ করাতে হবে। “ধানের শীষকে বিজয়ী করতে হবে এবং তারেক রহমানকে প্রধানমন্ত্রী বানাতে হবে—এর কোনো বিকল্প নেই।”

পথসভা শেষে শামসুজ্জামান দুদু আলমডাঙ্গা উপজেলার খাসককরা ইউনিয়নের বিভিন্ন স্থানে আরও কয়েকটি সভায় অংশ নেন। এ সময় জেলা বিএনপি’র সাবেক যুগ্ম আহ্বায়ক ওয়াহেদুজ্জামান বুলা, উপজেলা বিএনপি নেতা আসিরুল ইসলাম সেলিমসহ দলীয় বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে বিএনপির মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে হিন্দু সম্প্রদায়দের নিয়ে ঝিনাইদহে মতবিনিময় সভার আয়োজন করা হয়। ঝিনাইদহ জেলা বিএনপি আয়োজিত এই সম্প্রীতি সভায় সনাতন ধর্মালম্বী সম্প্রদায়ের প্রতিনিধি, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহন করেন।

শনিবার দুপুরে জেলা শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা পূজা উদযাপন ফ্রন্টের আহ্বায়ক মিলন কুমার ঘোষ। জেলা পূজা উদযাপন ফ্রন্টের সদস্য সচিব সমীর কুমার হালদারের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ সভাপতি মোঃ আক্তারুজ্জামান, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, ঝিনাইদহ পৌর বিএনপির সভাপতি এ্যাডভোকেট শামসুজ্জামান লাকী, সাধারণ সম্পাদক মাহাবুর রহমান শেখর, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের আহ্বায়ক তপন বিশ্বাস, সদস্য সচিব প্রহল্লাদ সরকার ও হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের আহ্বায়ক চন্দন বসু মুক্ত বক্তব্য রাখেন।

প্রধান অতিথি এম এ মজিদ বলেন, সম্প্রীতির এই বাংলাদেশ কারো একার পক্ষে স্বাধীন করা সম্ভব হয়নি। মুসলিমদের যেমন স্বাধীনতা সংগ্রামে অবদান আছে, তেমনি আছে হিন্দু বৌদ্ধ খ্রিস্টানদের। সবার মিলিত প্রচেষ্টার ফসল আজকের বাংলাদেশ।

তিনি বলেন এই দেশকে নিয়ে যারা ষড়যন্ত্র করে তারা কখনোই সফল হয়নি। শেখ হাসিনা এই বাংলাদেশকে ভারতের কদর রাজ্য করতে চেয়েছিল কিন্তু এদেশের মানুষ তার সেই ষড়যন্ত্র রুখে দিয়েছে।

বিএনপি’র এই তরুণ নেতা বলেন, আসন্ন দূর্গা পূজা নির্বিঘ্ন করতে বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ সর্বাত্মক সহযোগিতা করবে।

মেহেরপুরে মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

মেহেরপুর জেলা মহিলা দলের আয়োজনে বুধবার বিকেলে শহরের খাঁন কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা দলের সভাপতি সায়েদাতুন্নেসা নয়নের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা ১৬ বছর লড়াই করেছি আজকে আমাদের যে আত্মত্যাগ এই আত্মত্যাগ একটি ষড়যন্ত্রকারী গোষ্ঠী শেষ করে দিতে চাচ্ছে। আমরা যারা রাজপথের লড়াইয়ে ছিলাম আমাদেরকে আজকে অপমানিত করার চেষ্টা করা হচ্ছে। আপনারা নিশ্চয়ই খাঁটি বিএনপির নেত্রী আমরা এখানে লোক যারা করার জন্য আপনাদের উপস্থিত করিনি আপনাদের দায়িত্ব হচ্ছে বাস্তব ও সত্য পথে চলা।

মাসুদ অরুন যেভাবে কষ্ট করে এই সংগঠনকে ১৬ বছর পাহারা দিয়েছে, ঢাকা থেকে কর্মসূচি দেওয়া হতো যে কর্মসূচি ঢাকাতে পালন করতে পারত না আমরা এখানে আওয়ামী লীগের গুন্ডাদের চোখ রাঙানো পুলিশের রাইফেল বন্ধু পরোয়া না করে আছে ধরনের নেতৃত্বে কর্মসূচি করেছি।

তিনি আরো বলেন, আজকে অবাক দৃষ্টিতে দেখতে হচ্ছে আওয়ামী লীগের সেই ছায়া আওয়ামী লীগের সেই প্রতিচ্ছবি আমরা আবারো দেখতে পাচ্ছি গতকাল কি মহিলা দলের নামে একটি সমাবেশ হয়েছে পার্কে যেটা দেখে মনে হল ওটা কোন বিএনপির সমাবেশ না ওটা ফরহাদ হোসেন দোদুলের সমাবেশ।

লোক দেখাতে হবে তাই বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন দলের ভাড়া করে লোক নিয়ে এসেছে। কালকে মনে হয়েছে আওয়ামী লীগের পেতাত্মা বাংলাদেশ থেকে সরে নাই। কালকের ওই মহিলা দলের সমাবেশ মনে হয়েছে আমার কাছে ওটা আওয়ামী লীগের সমাবেশ। ফরহাদ হোসেন দোদুল যেভাবে সমাবেশ করেছে কালকে সমাবেশ দেখে মনে হয়েছে ক্ষমতাশীল দলের সমাবেশ।

আজকে বিএনপি’র বিরুদ্ধে নানাভাবে ষড়যন্ত্র চলছে এখনো যদি মনোনয়ন হয় সামনে অনেক বিপদ অপেক্ষা করছে। রাজনীতি হচ্ছে মানুষের পাশে থাকা সুখে-দুখে ভালো-মন্দই কষ্টে বিপদে আপদে পাশে থাকা।

আজকে ওই যে কমিটির কথা উঠলো আজকে এই কমিটি করে যারা বিএনপিকে বিভক্ত করার চেষ্টা করছে তারা সবাইকে নিয়ে সকাল দশটা থেকে বিকেল পর্যন্ত গণপূর্ত অফিস জনস্বাস্থ্য অফিস এল জি ডি ঠিকাদারি করে বেড়াচ্ছে, চাঁদাবাজি করে বেড়াচ্ছে। আর এই দায়ভার এসে বিএনপি’র কাঁধে পড়ছে। জনগণকে বাদ দিয়ে আজকে ওই মুখার্জিপাড়ায় অফিস হয়েছে। ওই অফিসে যারা আছে সবাই এখন ঠিকাদারি করে বেড়াচ্ছে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় তিনি বলেন, আপনাদের হৃদয়ের কষ্টের একটাই কারণ আমরা পরিশ্রম করে দল সংগঠিত করেছি, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ৪৭ বছর আগে যে দল প্রতিষ্ঠা করেছিলেন যে উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেছিলেন সেই উদ্দেশ্যকে সামনে নিয়ে আমরা তারেক রহমানের নেতৃত্বে বেগম খালেদা জিয়া সরকার প্রতিষ্ঠার জন্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুরে যেই মুহূর্তে সেই উদ্দেশ্য পালনের চেষ্টা করছি সেই মুহূর্তে কমিটির নামে আমাদেরকে হেও করে আমাদেরকে ছোট করে আমাদের মাথার উপরে যেচে

বসেছে আওয়ামী দোসরা।

আমাদের করণীয় যেভাবে আমরা ১৬ বছর ফ্যাসিস্ট হাসিনার বিদায় করার জন্য মাসুদ অরুণকে সহযোগিতা করেছিলেন জেলা বিএনপিকে সহযোগিতা করেছিলেন আমাদের সহযোগিতা করেছিলেন আমাদের পাশে ছিলেন আপনারা মাসুদ অরুণের জন্য আবারও তার পাশে থাকুন।

জেলা মহিলা দলের অর্থ বিষয়ক সম্পাদক রুপালি খাতুনের সঞ্চলনায় এছাড়াও এসময় জেলা মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি বেদানা আক্তার পলি, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, ইউনিয়ন মহিলা দলের সদস্য সোনিয়া আক্তার, মহিলা দল নেত্রী ফিরোজা আক্তার পপি প্রমুখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার ডাউকীতে জেলা বিএনপির সাধারণ সম্পাদকের গণসংযোগ

আসন্ন জাতীয় নির্বাচনে ধানের শীষের পক্ষে মাঠে নেমেছে বিএনপি।

বুধবার বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর ব্রিজ মোড় থেকে শুরু করে বিনোদপুর, ডাউকি ও পোয়ামারি গ্রামজুড়ে ব্যাপক গণসংযোগ ও সরাসরি প্রচারণা চালান চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরীফ।

প্রচারণার শুরুতে হাউসপুর ব্রিজ মোড়ে স্থানীয় ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করেন শরীফুজ্জামান শরীফ। এরপর তিনি পথসভা ও গণসংযোগে অংশ নিয়ে জনগণের অধিকার ফিরিয়ে আনতে ধানের শীষে ভোট দেওয়ার আহ্বান জানান।

তিনি বলেন, এই নির্বাচন শুধু দলের জন্য নয়, দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াই। এজন্য সকল ভেদাভেদ ভুলে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আখতার হোসেন জোয়ার্দার, আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, জেলা জাসাসের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি এহসানুল হক স্বরাজ, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দার হোসেন, সাধারণ সম্পাদক সালাম সিরাজী, যুগ্ম-সম্পাদক সাইদুল আলম বুড্ডু, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক টগর, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকারিয়া হোসেন শান্ত, যুবদল নেতা জাহাঙ্গীর আলম এবং চুয়াডাঙ্গা পৌর ছাত্রদলের সদস্য শাহারু আহমেদসহ ইউনিয়ন ও উপজেলা বিএনপি এবং সহযোগী সংগঠনের অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা।

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুর জেলা মহিলা দলের উদ্যোগে এক বিশাল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৫টায় শহীদ ড. সামসুজ্জোহা পার্কে এ সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক লাইলা আরজুমান বানুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, জেলা বিএনপি’র সভাপতি আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন। তিনি বলেন, “নারীর ক্ষমতায়ন ও অধিকার প্রতিষ্ঠায় বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল অতীতে যেমন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে, ভবিষ্যতেও গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করবে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি বলেন, “আজকের এই দিনে আমরা প্রতিজ্ঞা করি, দেশের চলমান সংকট মোকাবিলায় মহিলা দলকে আরও ঐক্যবদ্ধ ও শক্তিশালী করতে হবে।”

এছাড়া সমাবেশে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, ওমর ফারুক লিটন, আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আনসারুল হক, হাফিজুর রহমান হাফি, আবু সালেহ নাসিম, খাইরুল বাশার, জাকির হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাঁকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলি, জেলা মহিলা দলের সহ-সভাপতি নাজমা খন্দকার, মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা প্রমুখ।

জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানার সঞ্চালনায় সমাবেশে আরও উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ ও সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপি’ সভাপতি আমিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি আলফাজ উদ্দিন কালু ও সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, গাংনী পৌর বিএনপি’র সভাপতি মকবুল হোসেন মেঘলা, গাংনী উপজেলা মহিলা দলের সাধারণ সম্পাদক খালেদা ইয়াসমিনসহ মহিলা দল ও অঙ্গ-সহযোগী সংগঠনের অসংখ্য নেতাকর্মী।

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় নেতাকর্মীদের অংশগ্রহণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। র্যালি শেষে আলোচনা সভায় দলীয় নেতারা অংশ নেন।

সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি

শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির এবং প্রধান বক্তা ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, “বিএনপি সবসময় দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষায় সংগ্রাম করে যাচ্ছে। এই প্রতিষ্ঠাবার্ষিকী আমাদের নতুন করে ঐক্যবদ্ধ হওয়ার বার্তা দেয়। জনগণের ভোটের অধিকার ফিরিয়ে দিতে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি।” প্রধান বক্তার বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, “বর্তমান সময়ে সুষ্ঠু নির্বাচনের দাবি দেশজুড়ে। মানুষ পরিবর্তন চায়। বিএনপি সেই গণদাবিকে সামনে রেখে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাচ্ছে। জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য আমরা ঐক্যবদ্ধ।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল।

উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল হক, নাটুদাহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি সামছুল আলম, বিএনপি’র অন্যতম নেতা শামসুল হক, রোকনুজ্জামান তোতাম আব্দুস সালাম। উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, সদস্য সচিব ডি কে সুলতান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামুল হক, জেলা ছাত্রদলের সহ-সভাপতি মোঃ মোস্তফা কামালসহ উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, সদর ইউনিয়ন বিএনপি’র ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনছার আলী।

মেহেরপুরে মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচির সূচনা করা হয়।

নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ১৯৭৮ সালের ৯ সেপ্টেম্বর তৎকালীন রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান এই সংগঠনটি প্রতিষ্ঠা করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির সিনিয়র সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা প্রমুখ।

এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র ৪ নম্বর ওয়ার্ড সভাপতি সালমা খাতুন, ইউনিয়ন বিএনপির মহিলা বিষয়ক সম্পাদক রাকিবা, সাবেক মহিলা কাউন্সিলর ও পৌর ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি মনোয়ারা খাতুন, মহিলা দলের নেত্রী চায়না খাতুন পপি, নবীনা মল্লিক, দফরপুর ২ নং ওয়ার্ডের মহিলা সদস্য ফাতেমা, রুপালি, জ্যোতি, রবিউস সানি, কনা, নাজু, ওমরা, আরবিসং, জাকিয়া প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্বপ্ন বাস্তবায়নে নারীর ভূমিকার উপর গুরুত্বারোপ করেন এবং গণতন্ত্র পুনরুদ্ধারে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।